



প্রেস বিজ্ঞপ্তি

(শোক বার্তা)

পানি সম্পদ প্রতিমন্ত্রী কর্ণেল (অবঃ) জাহিদ ফারুক শামীম এমপি'র সহধর্মিণী
লায়লা শামীম আরার প্রয়াণে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের শোক প্রকাশ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বরিশাল-৫ (সদর) আসনের বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত সংসদ সদস্য প্রার্থী, পানি সম্পদ প্রতিমন্ত্রী কর্ণেল (অবঃ) জাহিদ ফারুক শামীম এমপি'র সহধর্মিণী লায়লা শামীম আরার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় মরহুমার রুহের মাগফিরাত কামনা করে তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, লায়লা শামীম আরা ২১ ডিসেম্বর ২০২৩ তারিখ রাত ৩:২৪ টায় ভারতের চেন্নাই'র রেলো ইনস্টিটিউট এ্যান্ড মেডিক্যাল সেন্টারে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩-১২-২১

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়